



## জনসংযোগ কার্যালয় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ৭৭৯১০৮৫-৫১, ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২  
ওয়েবসাইট: www.juniv.edu



### প্রেস বিজ্ঞপ্তি

#### জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

“টাইমস হায়ার এডুকেশন” কর্তৃক শিক্ষা ও গবেষণার ওপর অনুষদ ভিত্তিক ‘ওয়ার্ল্ড র্যাঙ্কিং’-এ

সমাজবিজ্ঞান অনুষদ বাংলাদেশে ১ম স্থান অর্জন গৌরবের

- উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ০৫ নভেম্বর ২০২৩।

যুক্তরাজ্যভিত্তিক টাইমস হায়ার এডুকেশন (THE) ম্যাগাজিন কর্তৃক শিক্ষা ও গবেষণার ওপর অনুষদ ভিত্তিক ‘ওয়ার্ল্ড র্যাঙ্কিং ২০২৪’-এর তালিকায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান অনুষদ বাংলাদেশে ১ম স্থান (৫০১-৬০০) অর্জন করায় অনুষদের সকল শিক্ষক-গবেষককে অভিনন্দন ও শুভেচ্ছা জানানো হয়েছে। সমাজবিজ্ঞান অনুষদের আয়োজনে আজ অনুষ্ঠিত অভিনন্দন ও শুভেচ্ছা জ্ঞাপন অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম বলেন, সমাজবিজ্ঞান অনুষদের এ অর্জন বিশ্ববিদ্যালয়ের জন্য গৌরবের। এতে সমাজবিজ্ঞান অনুষদের পাশাপাশি বিশ্ববিদ্যালয়েরও পরিচিতি এবং সুনাম বৃদ্ধি পেয়েছে। উপাচার্য দ্রুতভাবে বিশ্বাস করেন, অনুষদের শিক্ষক-গবেষকদের শিক্ষা ও গবেষণা কাজে নিষ্ঠা ও নিরলস পরিশ্রমের জন্যই এ স্বীকৃতি অর্জন সম্ভব হয়েছে। সমাজবিজ্ঞান অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক বশির আহমেদ সভাপতির বক্তব্যে বলেন, ওয়ার্ল্ড র্যাঙ্কিং এ সমাজবিজ্ঞান অনুষদের বাংলাদেশে ১ম স্থান অর্জন অনুষদের সকল শিক্ষকের জন্য আনন্দের ও অনুপ্রেরণার। পাশাপাশি এ অর্জন শিক্ষকদের দায়িত্বশীলতা আরও বাড়িয়ে তুলেছে। শিক্ষা ও গবেষণার এ ধারা অব্যাহত রাখতে হবে। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মোঃ মনজুরুল হক, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মোহাম্মদ মোস্তফা ফিরোজ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. রাশেদা আখতার।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি  
পরিচালক (ভারপ্রাপ্ত)

